দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 18 SEP 2015 ...
পৃষ্ঠা ...১৪... কলাম ...২...

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১. সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫।

স্মারক নং-৩৭.২০.০০০০.০০১.০১৮.০২৯.২০১৪-২৩১৯

তারিখ: ০২ আশ্বিন, ১৪২২ / ১৭ সেপ্টেম্বর, ২০১৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়াধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এবং এর আওতায় "Upazilla ICT Training and Resource Centre for Education (UITRCE)" শীর্ষক প্রকল্পের জন্য রাজস্বখাতে নবসৃষ্ট ল্যাব এ্যাসিসটেন্ট পদে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্তে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতনক্রম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যেসব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ০১। | ল্যাব এ্যাসিসটেন্ট (১৬ গ্রেড) টাঃ ৪১০০-৯৭৪৫/- | ১৮ টি (১৪ টি মুক্তিযোদ্ধা কোটা এবং ৪টি সাধারণ) | ক) এইচএসসি অথবা সমমান, খ) শারিরিকভাবে সুঠাম দেহের অধিকারী এবং কম্পিউটার হার্ডওয়ার মেইনটেইন্যান্স এবং ডাটা এন্ট্রি কাজে অভিজ্ঞতা। | ঢাকা, মুন্সীগঞ্জ, ফরিদপুর, চট্টগ্রাম, বি-বাড়িয়া, নোয়াখালী, কক্সবাজার, বগুড়া, দিনাজপুর, গাইবান্ধা, বাগেরহাট, সিলেট, মৌলভীবাজার ও সুনামগঞ্জ। মুক্তিযোদ্ধা কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

ক) **শর্ত সমূহ:**

১। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, পদের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ করতে হবে।

২। আবেদনকারীকে খামের উপর পদের নাম, নিজ জেলা উল্লেখপূর্বক পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), শিক্ষা মন্ত্রণালয়, ১ সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫ বরাবরে আগামী ১৫/১০/২০১৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে আবেদন পৌছাতে হবে। আবেদনকারী যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে আগ্রহী সেই ঠিকানা স্পষ্টাক্ষরে লিপিবদ্ধসহ ৯.৫" X ৪.৫" আকারের একটি খামে ১০ (দশ) টাকা মূল্যের ডাকটিকিটসহ আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।

৩। ১৫/১০/২০১৫ তারিখে আবেদনকারীর বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের বয়স উক্ত তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে।

৪। প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর অনুকূলে ১-২৫৭৯-০০০০-২০৩১ কোডে নম্বরে ১০০/- (একশত) টাকা জমাপূর্বক ট্রেজারী চালানের মূল কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। কোন প্রকার পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য হবে না।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

৬। কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

৭। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ কিংবা নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। লিখিত, মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় হাজির হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। সাক্ষাৎকার গ্রহণের সময় সকল সনদপত্রের মূলকপি দেখাতে হবে।

১০। আবেদনপত্র গ্রহণ ও বাতিল এবং পদসংখ্যা বাড়ানো কিংবা কমানোর বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

খ) আবেদনপত্রের সাথে যে সমস্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

১। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙ্গিন ছবি।

২। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র।

৩। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলার কর্তৃক প্রদত্ত জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্র।

৫। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছায়ালিপি।

৬। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তান (নাতী-নাতনী) হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতী-নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের কপি এবং আবেদনকারীর দাদা/দাদী/নানা/নানীর মুক্তিযোদ্ধা সনদের কপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

৭। আবেদনকারী মহিলা মুক্তিযোদ্ধার সন্তান হলে আবেদনকারী যে মহিলা মুক্তিযোদ্ধার সন্তান এ মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

১৭.৯.২০১৫

(মোঃ শামছুল আলম)
চীফ, পরিসংখ্যান বিভাগ
এবং
সদস্য-সচিব
বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি, ব্যানবেইস
ফোন নং- ৫৮৬১১০১৫।

স-৭০১১ (৯×৪)